# সকল বোর্ড-২০১৮

## হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ২ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** হঠাৎ করেই প্রিয়াদের পরিবারে দারিদ্রতা নেমে এসেছে। তখন এক ব্রাহ্মণ পণ্ডিত এসে প্রিয়ার বাবা-মাকে বললেন, নিয়মিত এক বিশেষ দেবীর পূজা করতে হবে। উক্ত দেবীকে ধন-সম্পদের দেবী বলা হয়। তাছাড়া এই দেব-দেবীরা হচ্ছেন একই ব্রহ্ম বা ঈশ্বরের ভিন্ন ভিন্ন প্রকাশ। ব্রাহ্মণের কথায় প্রিয়াদের পরিবারে ভক্তিসহকারে পূজার আয়োজন করা হয়।

ক. পূজা শব্দের অর্থ কী? ১

খ. একং সদ্ বিপ্রা বহুধা বদন্তি—কথাটির অর্থ ব্যাখ্যা কর। ২

গ. প্রিয়াদের বাড়িতে কোন বিশেষ দেবীর পূজা করা হয়? উক্ত পূজা পদ্ধতি উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "দেব-দেবীরা একই ঈশ্বরের ভিন্ন ভিন্ন প্রকাশ"— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

**২.▶** প্রণব তার বাবার মৃত্যু পরবর্তী অশৌচ পালন শেষে শ্রাদ্ধের আয়োজন করে। কিন্তু কীভাবে সে শ্রাদ্ধ অনুষ্ঠান সম্পন্ন করবে এ বিষয়ে তার মামার কাছে জানতে চান। মামা তাকে উপদেশ দেন যে আর্থিক অবস্থার উপর নির্ভর করে বিভিন্নভাবে শ্রাদ্ধ করা যায়। তবে শ্রাদ্ধের ব্যাপারে শ্রদ্ধাই মুখ্য।

ক. শ্রাদ্ধ বাসরে মহাভারতের কোন পর্বটি পাঠ করা হয়? ১

খ. পূরকপিণ্ড বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. শাস্ত্রমতে শ্রাদ্ধের অধিকারী কে? প্রণব কীভাবে তার বাবার শ্রাদ্ধ অনুষ্ঠান সম্পন্ন করবে? তোমার পঠিত বিষয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "শ্রাদ্ধের ব্যাপারে শ্রদ্ধাই মুখ্য"—বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**৩.▶** শিলারাণী একজন ধর্মপরায়ণা রমনী। তিনি ভিক্ষুকদের কখনও শূন্য হাতে ফেরান না। ক্ষুধার্ত অভাবতাড়িত মানুষ দেখলেই তার মন-প্রাণ কেঁদে

Teachingbd24.com

https://teachingbd24.com

ওঠে। মানুষের প্রতি মানুষের এই ভালোবাসা বা মমত্ববোধই মানবতা। এই মানবতাবোধই নীতি শিক্ষা ও ধর্ম শিক্ষার অঙ্গ।

ক. রন্তিবর্মা কত দিন অনাহারে ছিলেন? ১

খ. অযাচক বৃত্তি কী? ব্যাখ্যা কর। ২

গ. শিলারাণীর মধ্যে রন্তিবর্মার কোন গুণের প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'নীতি শিক্ষা ধর্ম শিক্ষার অঙ্গ'—বক্তব্যটি যথাযথ মূল্যায়ন কর। ৪

৪.▶ মানব জীবনকে সুন্দর ও কল্যাণকর করার জন্য প্রাচীন মুনি ঋষিরা হিন্দুধর্মের আচার-আচরণে বেশকিছু সংস্কার করে গেছেন। এই সংস্কারের শিক্ষায় প্রভাবিত হয়ে মলয়বাবু তার একমাত্র সন্তান অনিককে গুরুগৃহে প্রেরণ করেন। গুরুর নিকট শিক্ষা শেষে অনিক নিজে একটি বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে অনিক গৃহে প্রবেশ করে এবং সংসার ধর্ম আরম্ভ করে।

ক. দশবিধ সংস্কারের মধ্যে সর্বশ্রেষ্ঠ কোনটি? ১

খ. উপনয়ন বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. কোন অনুষ্ঠানের মাধ্যমে অনিক গুরুগৃহ থেকে ফিরে আসে? উক্ত অনুষ্ঠানের শিক্ষা তার পরবর্তী জীবনে কী প্রভাব ফেলতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মানব জীবনের সুকুমার বৃত্তিগুলির বিকাশে সংসারধর্ম পালনের গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৫.▶ উত্তম কলেজে যাবার সময় দেখতে পেল একজন ছিনতাইকারী এক মহিলার ব্যাগ নিয়ে দৌড়াচ্ছে আর মহিলাটি চিৎকার করছেন। তা দেখে উত্তম ছিনতাইকারীকে তাড়া করে ধরে ফেলল। এক সময় ছিনতাইকারীর আঘাতে উত্তমের কপাল থেকে রক্ত ঝরতে লাগল। কিন্তু তা সত্ত্বেও উত্তম ছিনতাইকৃত ব্যাগ উদ্ধার করে মহিলার হাতে তুলে দিল।

ক. তরণীসেনের পিতার নাম কী? ১

খ. কেন সৎসাহসের প্রয়োজন হয়? ব্যাখ্যা কর। ২

গ. উত্তমের কৃতকর্ম থেকে প্রাপ্ত অভিজ্ঞতা তোমার জীবনে কীভাবে কাজে লাগাতে পার? আলোচনা কর। ৩

ঘ. উত্তমের সৎসাহস যেন তরণীসেনের সৎসাহসেরই প্রতিরূপ—বিশ্লেষণ কর। ৪

৬.▶একদিন অর্পিতা ও পারমিতা মন্দিরের বারান্দায় বসে আলোচনা করছিল। আলোচনার এক পর্যায়ে অর্পিতা পারমিতাকে প্রশ্ন করে, বলতে পার আমাদের কে

https://teachingbd24.com

সৃষ্টি করেছেন? পারমিতা অর্পিতাকে বলে, আমাদের যিনি সৃষ্টি করেছেন তিনি সর্বদা আমাদের মধ্যে বিরাজ করেন। বিশ্বজগতের সব কিছুর তিনিই একমাত্র নিয়ন্ত্রক।

ক. ব্রহ্ম শব্দের অর্থ কী? ১

খ. জীবদেহে আত্মার অবস্থান সংক্ষেপে ব্যাখ্যা কর। ২

গ. অর্পিতার প্রশ্নের উত্তরে পারমিতা স্রষ্টার যে ভূমিকার কথা বলে তা তোমার পঠিত বিষয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. জীবের মধ্যে স্রষ্টার অবস্থান সম্পর্কে পারমিতার উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৭.▶ সমর বাবু একজন সজ্জন ব্যক্তি। ধর্মীয় বিষয় সম্পর্কে তার জানার আগ্রহ প্রবল। এ সম্পর্কিত জ্ঞান লাভের উদ্দেশ্যে তিনি বিভিন্ন ধর্মীয় গ্রন্থ অধ্যয়ন করেন। তিনি আজ বেদের এমন একটি অংশ অধ্যয়ন করেন যার মধ্যে বর্তমান চিকিৎসা বিজ্ঞানের মৌলিক দিকনির্দেশনা রয়েছে। তিনি ঋষি মনুর উদ্ধৃতি দিয়ে বলেন, 'বেদঃ অখিল ধর্মমূলম্'।

ক. ধর্মের বিশেষ লক্ষণ কয়টি? ১

খ. বেদকে অপৌরুষেয় বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. সমর বাবু আজ বেদের কোন অংশটি অধ্যয়ন করেছেন? উক্ত অংশের বিষয়বস্তু উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "বেদ এক অখণ্ড জ্ঞান রাশি"—বিশ্লেষণ কর। ৪

৮.▶ বাংলাদেশের কৃষকরা হেমন্তকালে ধান কাটায় মেতে থাকে। প্রত্যেকের মুখে থাকে হাসি। ঘরে ঘরে নতুন ধানের ভাত, নানা রকমের পিঠা পায়েসের আয়োজন করে এক অসাম্প্রদায়িক চেতনায় উদ্বুদ্ধ হয়ে তারা আনন্দে মেতে উঠে। এ ঋতুভিত্তিক অনুষ্ঠানে তারা শস্যের অধিষ্ঠাত্রী দেবীর পূজা করে বর্ষবরণ ও বাঙ্গালীর আরেকটি সার্বজনীন উৎসব।

ক. বাংলাদেশের কৃষকেরা হেমন্তকালে কোন উৎসবে মেতে উঠে? ১

খ. ধর্মাচার বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. তোমার দেখা গ্রাম বাংলার একটি নবান্ন উৎসবের বর্ণনা দাও। ৩

ঘ. অসাম্প্রদায়িক চেতনার বিকাশে উদ্দীপকে বর্ণিত উৎসব দুইটির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

https://teachingbd24.com

৯.▶ শারীরিক সুস্থতার পাশাপাশি মনকে সুস্থ রাখতে হলে অষ্টাঙ্গযোগের অনুশীলন অবশ্যই করা উচিত বলে শিবু বাবু মনে করেন। তিনি নিয়মিত একটি আসন অনুশীলন করেন। আসনটি অনুশীলনের সময় তাকে বৃক্ষের মত দেখায়। উক্ত আসন অনুশীলন করে তিনি শরীর ও মনে এর প্রভাব উপলব্ধি করেন।

ক. 'হল' শব্দের অর্থ কী? ১

খ. অষ্টাঙ্গযোগের প্রথম ধাপটি ব্যাখ্যা কর। ২

গ. শিবু বাবু যে আসনটি অনুশীলন করেন তার পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. শিবু বাবুর শরীর ও মনে উক্ত আসন অনুশীলনের প্রভাব বিশ্লেষণ কর। ৪

১০.▶ দশম শ্রেণির মেধাবী ছাত্র শুভ কিছুদিন ধরে বিদ্যালয়ে অনুপস্থিত। খবর নিয়ে জানা যায় যে কুসংস্পর্শে পরে নেশায় আসক্ত হয়ে নানা রকম খারাপ কাজের সাথে জড়িত। শুভর বাবা মা বুঝিয়ে তাকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে সক্ষম হন। তাছাড়া মাদকাসক্তি অধর্মের পথ। শুভ তার ভুল বুঝতে পেরে সে স্বাভাবিক জীবনে ফিরে আসে।

Teachingbd24.com

ক. ধর্মের সাধারণ লক্ষণ কয়টি? ১

খ. "জীবঃ ব্রহ্মৈব নাপরঃ" শ্লোকটির অর্থ বুঝিয়ে লিখ। ২

গ. তোমার কোনো মাদকাসক্তি বন্ধুকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে তুমি কী পদক্ষেপ নিতে পার? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. পারিবারিক, সামাজিক ও নৈতিক জীবনে মাদকাসক্তির প্রভাব বিশ্লেষণ কর। ৪

১১.▶ ঊনবিংশ শতাব্দীতে বিজ্ঞানমনস্ক সুধীজন সনাতন তথা হিন্দুধর্মের প্রচলিত পূজা-পার্বন, ধ্যান-ধারণা নিয়ে চিন্তা-ভাবনা শুরু করেন। এক্ষেত্রে ভারতবর্ষের একজন যুক্তিবাদী সংস্কারকের উল্লেখ করা যেতে পারে। তিনি ব্রহ্মের উপাসনার তত্ত্বকে উপস্থাপন করেন। ঐক্য প্রতিষ্ঠা করতে তিনি এক ব্রহ্মের সাধনার জন্য আহ্বান জানান। তিনি ব্রাহ্ম সমাজ প্রতিষ্ঠা করেন।

ক. শ্রী বিজয়কৃষ্ণ কত সালে জন্মগ্রহণ করেন? ১

খ. শ্রী বিজয়কৃষ্ণের মতে পৈতা বর্জন করা উচিত কেন? ব্যাখ্যা কর। ২

গ. ঈশ্বরের লীলা দর্শনে শ্রী বিজয়কৃষ্ণ যে অহিংস হৃদয়ের কথা বলেছেন তার শিক্ষা তোমার জীবনে কীভাবে প্রতিফলন ঘটবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মতবাদটির সাথে বহু দেব-দেবী ও এক ঈশ্বর সম্পর্কিত মতবাদের যে সমন্বয় হয়েছিল উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড : | ১ | ১ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. প্রতিদিন কয়টি যজ্ঞ করতে হবে?**
ক) ৩ খ) ৪
গ) ৫ ঘ) ৬

**২. 'অনাদি পুরুষ' কে?**
ক) শ্রীকৃষ্ণ খ) রাম
গ) ভরত ঘ) লক্ষ্মণ

**৩. সিদ্ধি দেবতা কে?**
ক) গণেশ খ) সরস্বতী
গ) কালী ঘ) কার্তিক

**৪. নিরাকার উপাসনার একটি অংশ হলো—**
ক) কর্মযোগ খ) জ্ঞানযোগ
গ) ভক্তিযোগ ঘ) রাজযোগ

**৫. আত্মা হলো—**
i. নিত্য
ii. নিরাকার
iii. অচল
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) ii ও iii

**৬. বৃক্ষের মধ্যে ঈশ্বর বিরাজিত—**
i. প্রাণরূপে
ii. জীবরূপে
iii. মায়ারূপে
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

**৭. যোগীর কাছে ঈশ্বর হলেন—**
ক) আত্মা খ) জীবাত্মা
গ) দেহাত্মা ঘ) পরমাত্মা

**৮. সকল কর্মের ফলদাতা হলেন—**
ক) ব্রহ্মা খ) বিষ্ণু
গ) শিব ঘ) ঈশ্বর

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৯ ও ১০নম্বর প্রশ্নের উত্তর দাও:**

স্মৃতি দেবী একজন বৃক্ষ প্রেমিক। তিনি বাড়ির চারিপাশে নানা রকম বৃক্ষ রোপণ করেন। একদিন তিনি নার্সারি থেকে একটি বেলের চারা এনে রোপণ করেন। তিনি নিয়মিত গাছগুলোর পরিচর্যাও করেন।

**৯. স্মৃতি দেবীর ক্রয়কৃত গাছটি কোন দেবতার সঙ্গে সংশ্লিষ্ট?**
ক) গণেশ খ) কার্ত্তিক
গ) বিষ্ণু ঘ) শিব

**১০. স্মৃতি দেবীর বৃক্ষ পরিচর্যার মধ্য দিয়ে মূলত প্রকাশ পেয়েছে—**
i. ঈশ্বরের প্রতি ভালোবাসা
ii. বৃক্ষপ্রীতি
iii. সৌন্দর্য বর্ধন
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

**১১. অতিথি সেবাকে বলা হয়—**
ক) নৃযজ্ঞ খ) দৈবযজ্ঞ
গ) ভূতযজ্ঞ ঘ) ঋষিযজ্ঞ

**১২. যেখানে জীব সেখানেই—**
i. শিব
ii. আত্মা
iii. চেতনা
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৩ ও ১৪নম্বর প্রশ্নের উত্তর দাও:**

নৃপেন্দ্র বাবু তার ছাত্রদের শেখালেন, হিন্দুধর্মের প্রধান দিক হলো ঈশ্বরে বিশ্বাস ও জগতের কল্যাণ। এছাড়া রয়েছে জন্মান্তরবাদ।

**১৩. ঈশ্বরে বিশ্বাস হলো—**
ক) একেশ্বরবাদ খ) গৌণ
গ) ক্ষণিকের ঘ) বহুকালের

**১৪. জন্মান্তরবাদ হলো—**
ক) আত্মার বহির্গমন
খ) আত্মার বিনাশ
গ) আত্মার নতুন দেহ ধারণ
ঘ) আত্মার মুক্তি

Teachingbd24.com

১৫. ঈশ্বর জ্ঞানীর কাছে নিচের কোনটি?
ক) অনন্তরূপী খ) ভগবান
গ) পরমাত্মা ঘ) ব্রহ্ম

১৬. বিষ্ণুর তৃতীয় অবতার কোনটি?
ক) বামন খ) কূর্ম
গ) বরাহ ঘ) রাম

১৭. যার মাধ্যমে সমাজ ও পারিবারিক জীবনের বন্ধন আরও সুদৃঢ় হয়—
ক) শিক্ষা খ) বন্ধুত্ব
গ) বিনয় ঘ) ধর্মাচার

১৮. ঈশ্বরের মধ্যে কয়টি গুণ বিদ্যমান থাকায় তাঁকে ভগবান বলা হয়?
ক) পাঁচ খ) ছয়
গ) সাত ঘ) আট

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৯ ও ২০নম্বর প্রশ্নের উত্তর দাও:**

সুবর্ণার বিবাহ নিয়ে তার বাবা দুশ্চিন্তায় আছেন। ভালো ছেলে পেয়েছেন, কিন্তু পর্যাপ্ত টাকা হাতে নাই। তারপরও সাধ্যমত চেষ্টা করেন যেন মেয়ে সুখে থাকে।

১৯. সুবর্ণার বিবাহ কোন রীতি অনুসারে হয়?
ক) গান্ধর্ব খ) দৈব
গ) প্রাজাপত্য ঘ) ব্রাহ্ম

২০. উক্ত বিবাহ দ্বারা—
i. পুরুষ সন্তানের জনক হয়
ii. নারী জননীরূপে লাভ করে মাতৃত্ব
iii. মানব মনের সুকুমার বৃত্তি বিকশিত হয়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. পুত্রের ক্ষেত্রে কোন মাসে প্রথম অন্নভোজন করাতে হয়?
ক) ৪র্থ খ) ৫ম
গ) ৬ষ্ঠ ঘ) ৭ম

২২. মানুষের জীবনের চারটি আশ্রমের প্রতিটির সময়কাল ধরা হয়—
ক) ১৫ বছর খ) ২৫ বছর
গ) ৩৫ বছর ঘ) ৪৫ বছর

২৩. কোন আশ্রমে থেকে জীবনযাপন করা ভালো?
ক) ব্রহ্মচর্য খ) গার্হস্থ্য
গ) বানপ্রস্থ ঘ) সন্ন্যাস

২৪. জীবাত্মার সঙ্গে পরমাত্মার সংযোগই হলো—
ক) যোগসাধনা খ) মহামিলন
গ) স্বর্গলাভ ঘ) সুখী হওয়া

২৫. যোগসাধনার সর্বোচ্চ স্তর কোনটি?
ক) যম খ) আসন
গ) ধ্যান ঘ) সমাধি

২৬. একটি বিশাল জ্ঞানভান্ডার হলো—
ক) বেদ খ) কল্প
গ) সূক্ত ঘ) মন্ত্র

২৭. শ্রীরামকৃষ্ণ ছিলেন—
i. শান্ত
ii. উদার
iii. কুসংস্কার মুক্ত
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৮. কোন রাজা শংকরকে ১০০০ স্বর্ণমুদ্রা দান করেন?
ক) সূর্যদেব খ) শিবনাথ
গ) রামনাথ ঘ) চন্দ্রশেখর

২৯. রামেশ্বরে কোন মঠ অবস্থিত?
ক) শৃঙ্গেরী খ) সারদা
গ) গোবর্ধন ঘ) যোশী

৩০. প্রভু নিত্যানন্দের ধর্মানুরাগের মূলে কে ছিলেন?
ক) শ্রীকৃষ্ণ
খ) শ্রীচৈতন্য
গ) শ্রী হরিচাঁদ ঠাকুর
ঘ) শ্রীরাম

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ক |

https://teachingbd24.com